DEC. 29 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ১১ ...

# সেনবাগ চাঁচুয়া মাদ্রাসায় অর্থ সংকট॥ শিক্ষাকার্যক্রম ব্যাহত

সেনবাগ (নোয়াখালী) থেকে সংবাদদাতা ॥ সেনবাগের পল্লীতে অবস্থিত চাচুয়া হাজী আলী আকবর দাখিল মাদ্রাসা। এই মাদ্রাসাটিতে বর্তমানে চরম অর্থ সংকট চলছে। তাছাড়া মাদ্রাসার শ্রেণী কক্ষ ও টেবিল, চেয়ারসহ আসবাবপত্রের অভাবে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

সরেজমিন পরিদর্শনে দেখা গেছে, খুবই মনোরম পরিবেশে চাঁচুয়া হাজী আলী আকবর দাখিল মাদ্রাসাটি অবস্থিত। এলাকার বিশিষ্ট শিক্ষানুরাগী হাজী আলী আকবরের একক প্রচেষ্টায় ১৯৯১ ইং সনে মাদ্রাসার প্রতিষ্ঠার পর ১৯৯৬ ইং সনের ১লা জানুয়ারী

( ১০ম পৃঃ দ্রঃ )

## সেনবাগের চাঁচুয়া

(১১শ পৃঃ পর)

স্বীকৃতি লাভ করে। প্রতিষ্ঠার পর হতেই মাদ্রাটি চরম অর্থ সংকটে পড়ে। তবুও অত্র অঞ্চলের দ্বীনি শিক্ষার একমাত্র বাহন হিসাবে বর্তমানে এ মাদ্রাসায় প্রায় ৫ শত ছাত্র/ছাত্রী অধ্যয়নরত রয়েছে। প্রায় ১ একর ৩ শতাংশ রেজিষ্ট্রিকৃত জমির উপর নির্মিত মাদ্রাসার ১টি আধাপাকা ঘরে ১৩ জন শিক্ষক কারী শিক্ষাদান কার্যক্রম চালাচ্ছেন যাহা মাদ্রাসার ছাত্র ও শিক্ষকদের জন্য চরম কষ্টের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। কিন্তু তারপরও গত ৬ বছর ধরে দাখিল বোর্ড পরিক্ষায় উক্ত মাদ্রাসার ছাত্র/ছাত্রীরা অংশগ্রহণ করে বেশ সাফল্য অর্জন করছে। গড়ে যার শতকরা হার ছিলো ৬৪ দশমিক ৯২ শতাংশ। ১৯৯৯ ইং সনে ইফতেদায়ী পঞ্চম শ্রেণীর বোর্ড পরীক্ষায় এ মাদ্রাসা হতে অংশ নিয়ে বোর্ড বৃত্তি লাভ করেছে।

কাঁচুয়া মাদ্রাসার প্রতিষ্ঠাতার একক অনুদান ও স্থানীয় জনসাধারণের সার্বিক সহযোগিতায় এতোদিন চললেও দীর্ঘ এ সময়ে সরকারী কোন দান অনুদান না পাওয়ায় মাদ্রাসাতে শ্রেণী কক্ষ, চেয়ার, টেবিল ও আসবাবপত্রের চরম অভাব দেখা দিয়েছে। ছাত্র/ছাত্রীরা গাদাগাদি করে ক্লাশ করতে বাধ্য হচ্ছে।

এ ব্যাপারে মাদ্রাসা সুপার মোহাঃ বেলায়েত হোসেন জানান, বর্তমানে মাদ্রাসায় ৫ শত নিয়মিত ছাত্র/ছাত্রী রয়েছে। শ্রেণী কক্ষ, চেয়ার, টেবিল ও আসবাবপত্রের অভাবে লেখাপড়ায় খুবই সমস্যা হচ্ছে। সমস্যার ব্যাপারে ইতিমধ্যে শিক্ষামন্ত্রীর নিকট লিখিত ভাবে জানানো হয়েছে। এখনো কোন সরকারী দান, অনুদান বা শ্রেণীকক্ষ নির্মাণের প্রস্তাব পাওয়া যায়নি।

মাদ্রাসায় প্রতিষ্ঠাতা হাজী আলী আকবর জানান, এলাকার ছেলে মেয়েদের কথা চিন্তা করে মাদ্রাসাটি প্রতিষ্ঠা করেছি। মাদ্রাসা এখন সরকারী এম,পি,ও ভুক্ত। তাই সমস্যা নিয়ে যা করার সরকারই করবে।